অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/11/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 21.2 মিলিয়ন মার্কিন ডলারের সাউদার্ন টিয়ার ব্রিজ প্রতিস্থাপন ও নিরাপত্তা প্রকল্পের নির্মাণকাজ শুরুর ঘোষণা করলেন

ব্রিজটি ব্রুম কাউন্টির হুইটনি পয়েন্ট গ্রামে মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 11 কে টিয়োঘনিয়োগা রিভারের উপর দিয়ে বহন করে

বিনিয়োগটি "সাউদার্ন টিয়ার সোরিং" এর সম্পূরক, এটি সম্প্রদায়ের পুনরুজ্জীবন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য অঞ্চলটির সার্বিক কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে হুইটনি পয়েন্ট গ্রামের 21.2 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রকল্পের নির্মাণকাজ শুরু হয়েছে যেখানে টিয়োঘনিয়োগা রিভারের উপরের মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 11 ব্রিজকে প্রতিস্থাপন করা হবে, মেইন স্ট্রিট থেকে কিবল রোড পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 11 এর উভয় পাশে 1.5 মাইল নতুন আমেরিকানস উইথ ডিজেবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) অনুসারী সাইডওয়াক নির্মাণ করা হবে, এবং হুইটনি পয়েন্ট মিডল স্কুল (Whitney Point Middle School) এবং ব্রুম কাউন্টি ফেয়ারগ্রাউন্ডসে (Broome County Fairgrounds) নতুন ক্রসওয়াক স্থাপন করা হবে। প্রকল্পের অংশ হিসেবে, কংক্রিটে রিসাইকেল করা কাঁচ যুক্ত করতে স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation, DOT) KLAW ইন্ডাস্ট্রিজের (KLAW Industries) সাথে কাজ করছে, এর ফলে কংক্রিটের শক্তি বৃদ্ধি পাবে এবং একই সাথে সিমেন্টের পরিমাণ এবং কার্বন নিঃসরণ হ্রাস পাবে। হুইটনি পয়েন্ট হলো ব্রুম কাউন্টি ফেয়ারগ্রাউন্ডসের অবস্থান এবং এটি বিংহ্যামটন, কর্টল্যান্ড, সিরাকিউজ এবং ইথাকার মতো সাউদার্ন টিয়ার এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক গন্তব্যসমূহের জন্য একটি ক্রসরোড হিসেবে কাজ করে।

"77 বছরের পুরোনো ব্রিজ প্রতিস্থাপন করার পাশাপাশি নিরাপত্তা ও হাঁটার ব্যবস্থা উন্নত করা এই প্রকল্পটি হুইটনি পয়েন্টের ভবিষ্যতে একটি বলিষ্ঠ বিনিয়োগ, হুইটনি পয়েন্টে পুরো এম্পায়ার স্টেটের সেরা কাউন্টি মেলাগুলির একটি অবস্থান করে," **গভর্নর হোকল বলেন।** "কার্বন নিঃসরণ হ্রাস করবে এমন নতুন প্রযুক্তির উদ্ভাবনের সাথে মিলিত হয়ে এই প্রকল্পটি শুধু গ্রামের অবকাঠামোর উন্নয়ন করবে না, বরং এটিকে বসবাস, কাজ এবং একটি পরিবার বড় করার জন্য আরো স্থিতিস্থাপক স্থান করে তুলবে।"

টিয়োঘনিয়োগা রিভারের উপরের মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 11 ব্রিজটি মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 11 সংলগ্নের ব্যবসা, বিনোদনমূলক সুযোগ এবং সম্প্রদায়ের ফ্যাসিলিটিসমূহের মধ্যে একটি

অত্যাবশ্যকীয় সংযোগ প্রদান করে। এছাড়াও এটি ভ্রমণকারীদের ইন্টারস্টেট 81 এবং স্টেট রুট 26, 79, এবং 206 এর অ্যাক্সেস প্রদান করে। প্রকল্প সীমার মধ্যকার গড় বার্ষিক দৈনিক ট্র্যাফিকের সংখ্যা হলো প্রতিদিন 11,000 এর বেশি যানবাহন। টিয়োঘনিয়োগা রিভারের উপরের মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 11 বহনকারী বিদ্যমান ব্রিজটি একটি তিন স্প্যানের স্টিল থ্রু-গার্ডার কাঠামো যা 1947 সালে নির্মাণ করা হয় এবং এটি এর সক্রিয় জীবনকালের শেষ পর্যায়ে পৌঁছে যাচ্ছে। ব্রিজটি স্টেটের উচ্চ ঝুঁকিসম্পন্ন বন্যা নজরদারির তালিকায় (High-Risk Flood Watch List) রয়েছে যার জন্য পানির মাত্রা একটি পূর্বে নির্ধারিত উচ্চতায় পৌঁছে গেলে 24/7 নজরদারি আবশ্যক হয়।

নতুন কাঠামোটি হবে একটি মাল্টি-গার্ডার ব্রিজ যার বন্যা দ্বারা প্রভাবিত হওয়ার সম্ভাবনা কম হবে, এর ফলে এটিকে স্টেটের উচ্চ ঝুঁকিসম্পন্ন বন্যা নজরদারির তালিকা থেকে অপসারণ করা যাবে। ব্রিজ রেল এবং রাস্তার বাতিসহ নতুন ব্রিজের নান্দনিক বৈশিষ্ট্যসমূহ দৃশ্যমানভাবে পাশের ব্রিজটির সম্পূরক হওয়ার জন্য নকশা করা হয়েছে, সেই ব্রিজটি 2017 সালে নির্মাণ করা হয় এবং এটি টিয়োঘনিয়োগা রিভারের উপর দিয়ে ইস্ট মেইন স্ট্রিটকে বহন করে।

আমেরিকান কংক্রিট ইনস্টিটিউট (American Concrete Institute) থেকে এর উদ্ভাবনী কংক্রিট উৎপাদন প্রক্রিয়ার জন্য পুরস্কারপ্রাপ্ত KLAW ইন্ডাস্ট্রিজ 2019 সালে স্থানীয় বিংহ্যামটন ইউনিভার্সিটির (Binghamton University) শিক্ষার্থীদের দ্বারা গঠিত হয় এবং এটি অঞ্চলের একটি ব্যবসা ইনকিউবেটর ও স্টার্টআপ কর্মকাণ্ডের কেন্দ্র, কফম্যান সাউদার্ন টিয়ার ইনকিউবেটরে (Koffman Southern Tier Incubator) গঠিত হয়। রিসাইকেল করা কাঁচের প্রকল্পটি NYSDOT এর প্রযুক্তির পারফর্ম্যান্স মূল্যায়ন অনুসরণ করে, এবং একই সাথে নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্য সমর্থন করার জন্য স্থানীয় রিসাইকেল করা উপাদানের উদ্ভাবনী ব্যবহার করার মাধ্যমে স্থিতিস্থাপকতা এবং টেকসই অবস্থার প্রতি প্রতিশ্রুতি প্রদর্শন করে।

প্রকল্পের কাজ 2026 সালের শেষ পর্যন্ত চলবে বলে অনুমান করা হচ্ছে। নির্মাণকাজ চলাকালে পথচারী, দ্বিমুখী যানবাহন, এবং বাইসাইকেল ট্র্যাফিকের ব্যবস্থা করার জন্য বিদ্যমান ব্রিজের পাশে একটি অস্থায়ী ব্রিজ নির্মাণ করা হবে। নতুন সাইডওয়াক এবং ক্রসওয়াক নির্মাণ করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 11 এর লেন স্থানান্তর করা প্রয়োজন হবে।

পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "হুইটনি পয়েন্টের মানুষ ও এখানকার পর্যটকদের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 11 সংলগ্ন প্রকল্পটি সম্ভব করতে পেরে পরিবহন বিভাগ অত্যন্ত গর্বিত। নিউ ইয়র্কের সাউদার্ন টিয়ারে বারবার যাত্রা করা এবং এর দ্বারা মুগ্ধ হওয়া একজন হিসেবে বলছি যেই এই প্রকল্পে সকলের জন্য কিছু না কিছু রয়েছে: এটি মেলায় গমনকারীদের নিরাপত্তা উন্নত করবে, গ্রামের মধ্যে হাঁটার সুযোগ উন্নত করবে, এবং একটি বয়িষ্ণু ব্রিজকে আরো স্থিতিস্থাপক একটি কাঠামো দ্বারা প্রতিস্থাপিত করবে। নিজের চোখে সম্পূর্ণ হওয়া প্রকল্পটি দেখার জন্য আমি উন্মুখ।"

স্টেটের সিনেটর লিয়া ওয়েব বলেন, "হুইটনি পয়েন্টে এই অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পের কাজ শুরু হতে দেখে আমি আনন্দিত। আমাদের গ্রামীণ সম্প্রদায়ে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ করার জন্য গভর্নর হোকল এবং পরিবহন বিভাগকে ধন্যবাদ। এই স্টেট তহবিল আমাদেরকে শুধু এই ব্রিজটি প্রতিস্থাপন করতে দিবে না, বরং এছাড়াও এটি আমাদের

সম্প্রদায়ের এই গুরুত্বপূর্ণ করিডোরকে ADA অনুসারী করা নিশ্চিত করবে। আমাদের স্থানীয় উদ্ভাবকদের একটি, KLAW ইন্ডাস্ট্রিজে এই গুরুত্বপূর্ণ প্রকল্পে একটি মুখ্য ভূমিকা পালন করবে তার জন্য আমি অতি আনন্দিত।"

অ্যাসেম্বলি সদস্য জেফ গ্যালাহান বলেন, "নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলিতে (New York State Assembly) আমি যে সম্প্রদায়সমূহের প্রতিনিধিত্ব করার বিশেষাধিকার পেয়েছি তার প্রতিটির জন্য উচ্চমানের অবকাঠামোর অ্যাক্সেস নিশ্চিত করা আমার শীর্ষ অগ্রাধিকারসমূহের একটি। হুইটনি পয়েন্ট গ্রামে টিয়োঘনিয়োগা রিভারের উপরের নতুন মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 11 ব্রিজের নির্মাণকাজ শুরু হতে দেখে আমি আনন্দিত। এই প্রকল্পটি স্থানীয় কোম্পানি KLAW ইন্ডাস্ট্রিজের তৈরি উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহার করে এবং একই সাথে আধুনিক প্রকৌশল এবং ব্রিজের নকশা বাস্তবায়ন করে। বিনিয়োগটি গ্রাম এবং আশেপাশের সম্প্রদায়ের জন্য দুর্দান্ত ইতিবাচক প্রভাব নিয়ে আসবে, হুইটনি পয়েন্টকে আগামী বহু দশক ধরে একটি গন্তব্য এবং অত্যাবশ্যকীয় আঞ্চলিক পরিবহন ক্রসরোড উভয় হিসেবে কাজ করা অব্যাহত রাখতে দিবে।"

হুইটনি পয়েন্টের মেয়র জ্যাসন সমার্স বলেন, "হুইটনি পয়েন্টের মেয়র হিসেবে এই রূপান্তরমূলক 21.2 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের কাজ শুরু হতে দেখে আমি অতি আনন্দিত, এটি শুধু টিয়োঘনিয়োগা রিভারের উপরের বয়িষ্ণু মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 11 ব্রিজকে প্রতিস্থাপন করবে না, বরং এছাড়াও মুখ্য অবস্থানে নতুন ADA অনুসারী সাইডওয়াক এবং আরো নিরাপদ ক্রসওয়াক দ্বারা আমাদের সম্প্রদায়কে উন্নত করবে। এই প্রকল্পটি কংক্রিটে রিসাইকেল করা কাঁচ যুক্ত করে, কার্বন নিঃসরণ হ্রাস করে, এবং এর দৃঢ়তা বৃদ্ধির করার মাধ্যমে টেকসই অবস্থার প্রতি আমাদের প্রতিশ্রুতিকে জোরদার করে। নতুন ব্রিজটি আমাদের বাসিন্দা, আমাদের স্কুলের শিক্ষার্থী, এবং পর্যটকদের জন্য আরো স্থিতিস্থাপক সংযোগ প্রদান করবে, আমাদের পুরো অঞ্চলজুড়ে আরো নিরাপদ এবং আরো কার্যকর যাতায়াত নিশ্চিত করবে।   এই নির্মাণ হুইটনি পয়েন্টের জন্য একটি উল্লেখযোগ্য অগ্রগামী ধাপ, এটি সাউদার্ন টিয়ার এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের একটি অত্যাবশ্যকীয় ক্রসরোড হিসেবে আমাদের অবস্থানকে পাকাপোক্ত করবে। আমাদের অবকাঠামো এবং জীবনযাত্রার মান উন্নত করার জন্য গভর্নর হোকল এবং স্টেটের পরিবহন বিভাগের নিবেদনের জন্য আমি তাদের প্রতি কৃতজ্ঞ।"

<u>পরিবহন বিভাগ সম্পর্কে</u>

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক সুস্থতাকে সমর্থন করে এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, সমতার, এবং স্থিতিস্থাপক পরিবহন ব্যবস্থা প্রদান করার উদ্দেশ্যে কাজ করে। এটি জীবনের প্রশ্ন; গতি ধীর করুন এবং হাইওয়ের কর্মীদের জন্য সরে যান।

আরও তথ্যের জন্য, আমাদেরকে ফেসবুক (Facebook)-এ খুঁজুন, এক্স (X) বা ইনস্টাগ্রাম (Instagram)–এ ফলো করুন, অথবা আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন। ভ্রমণ সংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য 511 এ ফোন করুন, ইনস্টাগ্রাম ভিজিট করুন বা দেখুন, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

<u>সাউদার্ন টিয়ারকে ত্বরান্বিত করা</u>

আজকের ঘোষণাটি "সাউদার্ন টিয়ার সোরিং" এর সম্পূরক, যা বলিষ্ঠ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের বিকাশ সৃষ্টি করতে অঞ্চলটির সার্বিক কৌশল। আঞ্চলিকভাবে নকশা করা পরিকল্পনাটির উদ্দেশ্য একটি মেধাবী কর্মীবাহিনীকে আকৃষ্ট করা, ব্যবসার বিকাশ করা এবং পরবর্তী প্রজন্মের উদ্ভাবনকে চালিত করা। আরও তথ্য এখানে রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন